
শিশুদের জন্য বাইবেল

নিবেদন করছে



# যীশুর জন্য এক ভয়ঙ্কর সময়

লেখক: Edward Hughes

চিত্রাংকন: Byron Unger; Lazarus

অভিযোজন: M. Maillot; Sarah S.

Alastair Paterson

অনুবাদক: Manab Biswas

প্রযোজনায়: শিশুদের জন্য বাইবেল
www.M1914.org

©202 Bible for Children, Inc
স্বত্তাধিকার: গল্পটির অনুলিপি বা প্রিন্ট ব্যবহার করা যাবে
তবে বিক্রয় করা যাবেনা ।


যীশু যখন
বাপ্তিস্ম নিলেন,
তখন ঈশ্বর কথা
বলেছিলেন। তিনি
বলেছিলেন, “ইনি আমার
প্রিয় পুত্র, ইঁহাতে আমি
প্রীত।” ঈশ্বরের আত্মা
কপোতের মতো যীশুর
উপর নেমে এল।



এর পরে ঈশ্বরের আত্মা যীশুকে প্রান্তরে নিয়ে গেলেন। সেখানে যীশু একা ছিলেন।



যীশু চল্লিশ দিন উপবাস করেছিলেন। এর অর্থ তিনি কিছুই খাননি। পরে তিনি ক্ষুধার্ত হলেন।



বাইবেল বলে যে, সেখানে বন্য জন্তু ছিল।



শয়তান যীশুকে প্রলোভন দেখাতে এল। অনেক আগে এদন উদ্যানে ঈশ্বরের বাক্যের অবাধ্য হওয়ার জন্য আদম ও হবাকে প্রলোভিত করেছিল। এখন যীশুকে পরীক্ষিত হতে হবে।




শয়তান, ঈশ্বরের পুত্র
যীশুকে প্রলুব্ধ করার
চেষ্টা করছিল।


দিয়াবল বলল, “যদি তুমি ঈশ্বরের সন্তান
হও, তাহলে এই পাথরগুলোকে রুটি হতে
বল”। সে জানত যীশু ক্ষুধার্ত। সে জানত
যে, ঈশ্বরের পুত্র পাথরকে রুটিতে পরিণত
করতে পারে। যীশু কি দিয়াবলের কথা
মান্য করেছিল?

না! যীশু দিয়াবলের কথা মান্য করেননি। পরিপ্রেক্ষিতে তিনি ঈশ্বরের বাক্য থেক উত্তর দিয়েছিলেন।




“মানুষ শুধু রুটিতে বাঁচে না, কিন্তু ঈশ্বরের মুখ থেক নির্গত বাক্য থেকেই বাঁচে”।



তারপরর দিয়াবল যীশুকে এক মহান শহর জেরুশালেমের পবিত্র মন্দিরে নিয়ে গেল, যেখানে লোকেরা উপাসনা করত। এর পরে শয়তান কী করবে?




শয়তান বলল, “যদি তুমি ঈশ্বরের
সন্তান হও, তাহলে নিচে ঝাঁপ দাও,
কারণ পবিত্র বাইবেল বলে, ‘তাঁর
দূতেরা তোমাকে রক্ষা করবে’”।

যীশু উত্তর দিলেন, “না! আবার এও লেখা আছে, ‘তুমি তোমার ঈশ্বর প্রভুকে পরীক্ষা কোরো না’”।





দিয়াবল আবার চেষ্টা করল। সে যীশুকে শহরের বাইরে একটা উঁচু পাহাড়ের উপরে নিয়ে গেল।

পার্থিব বস্তুর রাজ্য দেখিয়ে দিয়াবল বলল,
“যদি তুমি আমাকে প্রণাম কর ও আমার
উপাসনা কর, তাহলে আমি এই সমস্ত
বিষয় তোমাকে দেব”।



যীশু আদেশ দিলেন, “আমার সামনে থেকে দূর হও, শয়তান। ইহাও লেখা আছে, ‘তুমি শুধু তোমার প্রভু ঈশ্বরকে প্রণাম করবে, আর তাঁরই সেবা করবে’”।



দিয়াবল কিছুক্ষণের জন্য
যীশুকে ছেড়ে দিল।
তারপর এক
আশ্চর্যজনক
ঘটনা ঘটল।



ঈশ্বর তাঁর পুত্র যীশুকে (যিনি দিয়াবলের কথা মান্য করেননি) সান্ত্বনা ও দেখাশোনা করার জন্য একজন স্বর্গদূত পাঠালেন।



যীশুর জন্য এক ভয়ঙ্কর সময়

# ঈশ্বরের বাক্য থেকে বাইবেলের গল্প, বাইবেল,

# যেখানে পাওয়া যায়

মথি ৪; লুক ৪

“তোমার বাক্য প্রকাশিত হলে তা আলো দান করে।”
গীতসংহিতা ১১৯:১৩০

# সমাপ্ত

বাইবেলের এই গল্প মহান ঈশ্বর সম্পর্কে আমাদের শিক্ষা দেয় যিনি আমাদের নির্মান করেছেন এবং তিনি চান যেন আপনি তাঁর সম্পর্কে জানেন।

ঈশ্বর জানেন আমরা মন্দ কাজ করেছি, যাকে তিনি পাপ বলেন। পাপের শাস্তি হচ্ছে মৃত্যু, কিন্তু ঈশ্বর আমাদের এতই ভাল বাসলেন যে তিনি তাঁর একমাত্র পুত্র যীশুকে পাঠালেন যেন আমাদের পাপের শাস্তিস্বরূপ তিনি ক্রুশে মৃত্যুবরন করেন। এর পর যীশু মৃত্যু থেকে জীবিত হলেন এবং স্বর্গে চলে গেলেন। যদি আপনি যীশুকে কিশ্বাস করেন এবং আপনার পাপের জন্য তাঁর কাছে ক্ষমা চান, তাহলে তিনি ক্ষমা করবেন। তিনি আসবেন এবং আপনার অন্তরে বাস করবেন, এবং আপনিও তাঁর সংগে অনন্তকাল ধরে থাকবেন।

আপনি যদি এই সত্যকে বিশ্বাস করেন, তাহলে ঈশ্বরের উদ্দেশ্যে এই কথাগুলো বলুন:

প্রিয় যীশু, আমি বিশ্বাস করি যে তুমি আমার প্রভু, এবং আমার পাপের জন্য তুমি মানুষ হয়ে জন্মেছিলে, আর এখন তুমি আবার জীবিত হয়ে উঠেছো। দয়াকরে আমার জীবনে এসো এবং আমার পাপ ক্ষমা করো, যাতে আমি নতুন জীবন পেতে পারি, এবং তোমার সংগে যেন অনন্তকাল ধরে থাকতে পারি। আমাকে সাহায্য কর যেন তোমার সন্তান হিসাবে তোমার বাধ্য থাকতে পারি এবং তোমার জন্য বেঁচে থাকতে পারি। আমেন।

বাইবেল পড়ুন এবং প্রতিদিন ঈশ্বরের সংগে কথা বলুন!

যোহন ৩:১৬